

# তথ্যপ্রযুক্তি

## যশোরের বিরামপুরে কম্পিউটার সাক্ষরতা কর্মসূচির উদ্বোধন

যশোর সদর উপজেলার শীলা রায় চৌধুরী মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার সাক্ষরতা কর্মসূচি চালু করেছে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান ডেভেলপমেন্ট রিসার্চ নেটওয়ার্ক (ডি.নেট)। গত ২৬ এপ্রিল কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন যশোরের জেলা প্রশাসক আবুয়াল হোসেন। এ সময় তিনি বলেন, দেশের শিক্ষিত অর্ধশিক্ষিত সবারই কমবেশি কম্পিউটার জ্ঞান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে দেয়া সরকারি কম্পিউটার এখনও বাস্তবায়ন করে রাখা হচ্ছে। অনেক ক্ষেত্রে তা শোপিস হিসেবে ব্যবহার করা হচ্ছে। ছাত্রছাত্রীরা এর সঠিক ব্যবহার করছে না অথবা ব্যবহার করতে দেয়া হচ্ছে না। তিনি শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, শিক্ষকদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে যাতে তারা শিক্ষার্থীদের ভালভাবে শেখাতে পারেন। তিনি বলেন, ছেলেমেয়েদের ইচ্ছেমতো কম্পিউটার ব্যবহার করতে দিতে হবে। যশোর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জাহানারা বেগমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শীলা রায় চৌধুরী মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা



ও বিশিষ্ট সমাজ সেবক বিমল রায় চৌধুরী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নওয়াপাড়া ইউনিয়নের চেয়ারম্যান শহীদুল ইসলাম মিলন, ডি.নেটের প্রকল্প সমন্বয়কারী অজয় কুমার বসু। ডি.নেটের প্রতিনিধি মো. মোশারফ হোসেন, আবুল কালাম আজাদ, নাইমুল হক, আশরাফি ফেরদৌসীসহ বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ, অভিভাবকবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বাংলাদেশের সুবিধাবঞ্চিত শিশু-কিশোর

ও তরুণ সম্প্রদায়কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিপুল সম্ভাবনার সঙ্গে পরিচয় করিয়ে দেয়া 'কম্পিউটার সাক্ষরতা কর্মসূচি'র মূল উদ্দেশ্য। মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক ভলান্টিয়ার্স এসোসিয়েশন ফর বাংলাদেশের (ভাব) উদ্যোগে কর্মসূচিটি বাস্তবায়ন করা হচ্ছে যার পরিচালনায় রয়েছে ডি.নেট। এই কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীদের ৪০ ঘণ্টা মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হয়। পর্যায়ক্রমে এলাকার সুবিধাবঞ্চিত শিক্ষিত বেকারদেরও প্রশিক্ষণ প্রদান করার ব্যবস্থা করা হয়। এছাড়া এ কর্মসূচির কম্পিউটার সমূহে সাধারণ মানুষের জীবনযাপন সংশ্লিষ্ট কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, আইন, সচেতনতা, অকৃষি উদ্যোগ, লাগসই প্রযুক্তি, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে তথ্যভাণ্ডার রয়েছে। কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধনের আগে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ডি.নেটের গণীজন কার্যক্রমের ওপর একটি সিডি ও ওয়েবসাইট প্রদর্শন করা হয় এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই কেন্দ্র উদ্বোধনের মাধ্যমে ডি.নেটের ব্যবস্থাপনায় ১০১টি কম্পিউটার সাক্ষরতা কেন্দ্রের উদ্বোধন হলো।